

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غــزوة تبــوك في رجب سنة ٩هـ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

এ সনের কিছু গুরুত্বপূর্ণ ঘটনাবলী (يَعْضُ الْوَقَائِعِ الْمُهُمَّةِ فِيْ هٰذهِ السَّنَةِ):

- এ সনে (৯ম হিজরী) যে সকল বিশেষ গুরুত্বপূর্ণ ঘটনা সংঘটিত হয় তা হচ্ছে যথাক্রমে নিম্নরূপ:
- ১. তাবুক হতে রাসূলুল্লাহ (ﷺ) এর প্রত্যাবর্তনের পর উওয়াইমের আজলানী ও তার স্ত্রীর মধ্যে লি'আন হয়। (স্বামী যদি স্ত্রীর প্রতি ব্যভিচারের অপবাদ দেয় আর তার সাক্ষী না থাকে তাহলে যে পদ্ধতির মাধ্যমে বিবাহ বিচ্ছেদ ঘটানো হয় তাকে লি'আন বলা হয়।)
- ২. গামিদিয়া মহিলা যে নাবী কারীম (ﷺ) এর খিদমতে হাজির হয়ে ব্যভিচারের স্বীকৃতি দিয়েছিল তাকে প্রস্তরাঘাত করে মেরে ফেলা হয়েছিল। এ মহিলার সন্তান ভূমিষ্ঠ হওয়ার পর যখন শিশুটি দুগ্ধ পান থেকে বিরত হয়েছিল তখন তাকে প্রস্তরাঘাত করা হয়েছিল।
- ৩. সম্রাট আসাহামা নাজ্জাশী মৃত্যুবরণ করেন এবং রাসূলুল্লাহ (ৠৄর্ছু) তাঁর গায়েবানা জানাযা আদায় করেন।
- ৫. রাস্লুলাহ (ﷺ) এর তাবৃক হতে প্রত্যাবর্তনের পর মুনাফিক নেতা আব্দুল্লাহ বিন উবাই মৃত্যুবরণ করে। রাস্লুল্লাহ (ﷺ) তার জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং উমার (রাঃ)-এর বাধা দান সত্ত্বেও তার সালাতে জানাযা আদায় করেন। পরে কুরআন শরীফের আয়াত অবতীর্ণ হয়ে তাতে উমার (রাঃ)-এর মত সমর্থন করে মুনাফিকদের জানাযা আদায় করতে নিষেধ করা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6433

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন